

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[সম্পূরক শুদ্ধ]

প্রজ্ঞাপন

ঢাকা, ২৮শে জ্যৈষ্ঠ, ১৪০৫ বাৎ/ ১১ই জুন, ১৯৯৮ ইং

এস,আর,ও, নং-১২৬-আইন/৯৮/১৮৭-মুসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১৩ই শ্রাবণ, ১৪০৩ বাৎ মোতাবেক ২৮শে জুলাই, ১৯৯৬ ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৩৪-আইন/৯৬/১৩৬-মুসক নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল-২ এর-

(১) শিরনামা সংখ্যা ৩৩.০৭ এর বিপরীতে কলাম (২) এর এইচ এস কোড ৩৩০৭.১০.০০ ও ৩৩০৭.৯০.১০ এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত এক্সিসমূহ বিলুপ্ত হইবে ;

(২) শিরনামা সংখ্যা ৪৮.১৩ এর বিপরীতে কলাম (২) এর এইচ এস কোড ৪৮১৩.১০.০০, ৪৮১৩.২০.০০ ও ৪৮১৩.৯০.০০ এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত এক্সিসমূহ বিলুপ্ত হইবে ;

(৩) শিরনামা সংখ্যা ৮৭.০৩ ও ৮৭.১১ এর বিপরীতে কলাম (২) এর সংশ্লিষ্ট এইচ এস কোড এবং উহাদের বিপরীতে উক্ত টেবিলের কলাম (৩) এ বর্ণিত এক্সিসমূহ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

[মোঃ মাহবুবুর রহমান]
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)